Sub: Art of Living

Day

Time: Date: / /

শিক্ষার হেরফের

রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষার হেরফের প্রবন্ধে তিনি প্রচলিত শিক্ষা ব্যবস্থার প্রতি ব্যাঙ্গবিদ্রুপ করেছেন। তিনি বলেছেন যতটুকু অত্যাবশ্যক কেবল তার মধ্যে কারারুদ্ধ হয়ে থাকা জীবনের ধর্ম নয়। আমরা কিছু যদি স্বাধীনভাবে চলাফেরা না করতে পারি তবে আমাদের স্বাস্থ্য ও আনন্দের ব্যাঘাত ঘটে। শিক্ষা সম্বন্ধেও এ কথাটি খাটে যতটুকু অত্যাবশ্যক শিক্ষা তার মধ্যে শিশুকে একান্ত নিবদ্ধ করে রাখলে শিশুর মন যথেষ্ট পরিমানে বাড়তে পারেনা বলে প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুর মনে করেন। দেখা যায় অভিভাবকেরা বেশির ভাগ যেমন বিদেশী ভাষায় শিক্ষা দিয়ে পাশ করে যথা সম্ভব চাকুরী তে প্রবেশ করার অনুপ্রেরনা দেন। ফলে শিশু কাল থেকেই শিক্ষার্থী পড়া মুখস্ত করা ছাড়া আর কিছুই করতে পারে না। কারন তাদের হাতে কোনো শখের বই দেখলেই অভিভাবকেরা ছিনিয়ে নিতে চান। কাজেই বাঙালী ছেলে মেয়েদের ছোটবেলা থেকেই ব্যকারন, অভিধান, ভূগোলের মধ্যে নিজেদের ব্যস্ত থাকতে হয়। অন্য দেশে ছেলেমেয়েরা যে বয়সে আনন্দে দিন কাটায় বাঙালী ছেলে মেয়েরা তখন মুখস্ত পড়া মুখস্ত করে, শুধু মাত্র পরীক্ষায় পাশ করার জন্য তাদের আসল লক্ষ্য হয়ে উঠে। ফলে তারা স্বাধীনভাবে খেলাধুলা করতে পারে না এবং মানসিক দিক থেকে পরিপক্কতা লাভ করতে পারে না। শিক্ষার্থীরা রাশি রাশি বই পড়ে B.A; MA পাশ করে কিন্তু তার সাথে তাদের বুদ্ধির বিকাশ ঘটে না বলে প্রাবন্ধিক মনে করেন।